

49640 - রমযান মাসে দিনের বেলায় চুলে তেল দিতে কোন অসুবিধা নেই

প্রশ্ন

রমযান মাসে দিনের বেলায় মাথায় তেল দেয়ার হুকুম কি?

প্রিয় উত্তর

রমযান মাসে দিনের বেলায় মাথায় তেল দিতে কোন আপত্তি নেই। এতে করে রোযার উপর কোন নেতিবাচক প্রভাব পড়বে না।

শাইখ বিন বায (রহঃ) কে জিজ্ঞেস করা হয়েছিল:

রমযানের দিনের বেলায় মহিলাদের সুরমা ও অন্য কিছু কসমেটিকস ব্যবহার করার হুকুম কি? এসব জিনিস কি রোযাকে নষ্ট করবে; নাকি করবে না?

তিনি জবাবে বলেন:

“আলেমদের সঠিক মতানুযায়ী সুরমা লাগানো নারী-পুরুষ কারো রোযা নষ্ট করে না। কিন্তু রোযাদারের জন্য এটি রাতে ব্যবহার করা উত্তম। অনুরূপভাবে সাবান, তেল ও বর্হি ত্বকের সাথে সম্পৃক্ত অন্য যে জিনিসগুলো দিয়ে রূপ চর্চা করা হয়; যেমন মেহেদী, মেকআপ ইত্যাদি রোযাদারের এগুলো ব্যবহারে কোন আপত্তি নেই। তবে যদি মেকআপ করা চেহারার ক্ষতি করে তাহলে সেটি ব্যবহার করা অনুচিত।”[সমাণ্ড]

শাইখ ইবনে উছাইমীন (রহঃ) ‘ফাতাওয়াস সিয়াম’ গ্রন্থে (২২৮) বলেন:

“সব ধরণের তেল, সেটা মুখের হোক, পিঠের হোক কিংবা দেহের অন্য কোন স্থানের হোক; সেটি রোযার উপর কোন নেতিবাচক প্রভাব ফেলবে না এবং রোযা নষ্ট করবে না।”[সমাণ্ড]

স্থায়ী কমিটিকে (১০/২৫৩) জিজ্ঞেস করা হয়েছিল: রমযানের দিনের বেলায় কোন নারীর সুরমা ও তেল ব্যবহার করা কি রোযাকে নষ্ট করবে?

তারা জবাব দেন:

“যে ব্যক্তি রোযা রেখে রমযানের দিনের বেলায় সুরমা লাগাবে এবং অনুরূপভাবে রোযা রেখে রমযানের দিনের বেলায় মাথায় তেল দিবে; তার রোযা নষ্ট হবে না।”[সমাণ্ড]

আল্লাহই সর্বজ্ঞ।